

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
( সাপনীয় শাখা )  
হবিগঞ্জ

মাহমুদুল কবীর মুরাদ, জেলা প্রশাসক, হবিগঞ্জ কর্তৃক হবিগঞ্জ সদর উপজেলাধীন ০৯ নং নিজামপুর ইউনিয়ন পরিষদ অফিস পরিদর্শন প্রতিবেদন।

গত ০৬/০৫/২০১৮ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় হবিগঞ্জ সদর উপজেলাধীন ০৯ নং নিজামপুর ইউনিয়ন পরিষদ অফিস পরিদর্শন করি। পরিদর্শনকালে জনাব মর্জিনা আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর ও ইউ/পি চেয়ারম্যান জনাব মোঃ তাজউদ্দিন এবং পরিষদের সদস্য/ সদস্যগণ উপস্থিত ছিলেন। পরিদর্শন বিবরণী নিম্নরূপঃ

০১। সাধারণ তথ্যাদি :

(ক) অবস্থান : হবিগঞ্জ সদর উপজেলা থেকে প্রায় ৩ কিলোমিটার পূর্বে সুকড়িপাড়া উচ্চ বিদ্যালয় সংলগ্ন দক্ষিণ পার্শ্বে বলবারচক মৌজাধীন জে এল নং-১৩০, খতিয়ান নং-৪, দাগ নং- ৫৯২, মোট - ০.৫৫ একর ভূমিতে নিজস্ব কমপ্লেক্সে নিজামপুর ইউনিয়ন পরিষদ অফিসটি অবস্থিত।

(খ) আয়তন	-	১৩.২১ বর্গ কি.মি.
(গ) গ্রাম	-	৩ টি
(ঘ) মৌজা	-	১ টি
(ঙ) জনসংখ্যা	-	২০০০ জন (প্রায়)
(চ) উচ্চ বিদ্যালয়	-	০১ টি
(ছ) সরকারি প্রাথমিক বিদ্যালয়	-	০৯ টি
(ঞ) মাদ্রাসা	-	০১ টি (দাখিল)
(ট) হাটবাজার	-	০১ টি
(ঠ) মসজিদ	-	৬ টি
(ড) মন্দির	-	০১ টি
(ঢ) পাকা সড়ক	-	১০ কি.মি.
(ণ) কাঁচা সড়ক	-	২৫ কি.মি.
(ত) কমিউনিটি ক্লিনিক	-	০২ টি
(থ) পোস্ট অফিস	-	০১ টি
(দ) কৃষি জমি	-	২.০০ (হেক্টর)
(ধ) শিক্ষার হার	-	৫৭.৮%
(ন) নদী	-	০১ টি

মন্তব্যঃ আরও অধিক সংখ্যক তথ্য সংগ্রহক্রমে মৌজক তথ্যাদি একনজরে দেয়ালে একাট বোর্ডে সংরক্ষণের জন্য ইউ/পি চেয়ারম্যানকে পরামর্শ দেয়া হলো।

০২। প্রশাসন : বর্তমান মেয়াদে ০১ জন নির্বাচিত চেয়ারম্যান, ০৩ জন সদস্য (সংরক্ষিত আসন) এবং ০৯ জন সদস্য (পুরুষ) রয়েছেন। নির্বাচিত চেয়ারম্যান ও সদস্যগণ গত ১৮/০৭/২০১৬ খ্রিঃ তারিখ থেকে শপথের মাধ্যমে দায়িত্ব পালন করে আসছেন।

মন্তব্য : নির্বাচিত প্রশাসনকে সরকারের স্বার্থের প্রতি দৃষ্টি রেখে অর্পিত দায়িত্ব পালনের জন্য পরামর্শ দেয়া হলো।

০৩। জনবল : এ অফিসের জনবল নিম্নরূপ :

ক্রমিক নং	মঞ্জুরীকৃত পদের নাম	মঞ্জুরীকৃত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা
০১।	সচিব	০১	০১	-
০২।	দফাদার	০১	০১	-
০৩।	মহল্লাদার	০৯	০৭	০২

এ ইউনিয়ন পরিষদ কার্যালয়ে ২টি মহল্লাদারের পদ শূন্য রয়েছে মর্মে দেখা গেল।

মন্তব্যঃ : মহল্লাদারের শূন্য পদগুলো পূরণের ব্যাপারে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য ইউ/পি চেয়ারম্যানকে পরামর্শ প্রদান করা হলো।

০৪। হাজিরা খাতা : নির্ধারিত ফরমে তৈরি রেজিস্টারের অভাবে সাদা কাগজের বাঁধাই করা খাতায় হাজিরা খাতা সংরক্ষণ করা হচ্ছে। হাজিরা খাতা পরীক্ষান্তে দেখা যায় অফিসে নিয়োজিত কর্মচারীগণ হাজিরা খাতায় স্বাক্ষর করছেন এবং পরিদর্শনকালে তাদেরকে যথারীতি অফিসে উপস্থিত পাওয়া গেল।

মন্তব্য : হাজিরা খাতা সংরক্ষণ সন্তোষজনক।

